গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ঔষধ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নম্বর: ৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১ (অংশ-১).১৪০

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩২ / ২২ জুলাই ২০২৫

# প্রজ্ঞাপন

ঔষধ ও কসমেটিকস্ আইন-২০২৩ এর ৬৬ ধারা এবং জাতীয় ঔষধ নীতি-২০১৬ এর নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত ফার্মাকোভিজিল্যান্স কার্যক্রম পরিচালনা এবং ঔষধ ও ভ্যাকসিন ব্যবহারের ফলে কোন পার্শ্ব বা বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হলে Adverse Drug Reaction (ADR)/Adverse Event Following Immunization (AEFI) রিপোর্টসমূহ নিয়মিতভাবে ঔষধ প্রশাসন অধিদপ্তরে প্রেরণ করার লক্ষ্যে দেশের সকল সরকারি ও বেসরকারি একশত বেড বা তদূর্দ্ধ বেড হাসপাতালের পরিচালক/তত্ত্বাবধায়কগণ-কে নিম্নরূপভাবে "হাসপাতাল ফার্মাকোভিজিল্যান্স" কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করা হলো।

| নং | নাম ও পদবি | বিভাগের নাম | মোবাইল নং | |
|---|---|---|---|---|
| ১. | পরিচালক/তত্ত্বাবধায়ক (একশত বেড বা তদূর্দ্ধ বেড এর হাসপাতাল) | | | সভাপতি |
| ২. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | ফার্মাকোলজি বিভাগ | | সদস্য |
| ৩. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | মেডিসিন বিভাগ | | সদস্য |
| ৪. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | চর্ম ও যৌন বিভাগ | | সদস্য |
| ৫. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | শিশু বিভাগ | | সদস্য |
| ৬. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | সার্জারী বিভাগ | | সদস্য |
| ৭. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | গাইনোকলজি বিভাগ | | সদস্য |
| ৮. | ফার্মাসিস্ট | ফার্মাসিস্ট | | সদস্য |
| ৯. | নার্সিং/ডেপুটি নার্সিং সুপারিটেনডেন্ট | নার্সিং | | সদস্য |
| ১০. | আবাসিক মেডিকেল অফিসার/রেজিস্ট্রার | | | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

(ক) ঔষধ ও ভ্যাকসিন ব্যবহারের ফলে হাসপাতালে কোন রোগীর পার্শ্ব বা বিরূপ প্রতিক্রিয়া হয় কিনা তা নিয়মিতভাবে মনিটরিং এবং পেশেন্ট সেফটি নিশ্চিত করার জন্য হাসপাতালের মাসিক সভায় আলোচনা করতে হবে;

(খ) কোন সিরিয়াস ADR/AEFI পাওয়া গেলে তা অনলাইনে: https://pvimsdashboard.com/yellow/card; / ইমেইলে: (adrmcell.dgda@gmail.com)/ ডাকযোগে: পরিচালক (ফার্মাকোভিজিল্যান্স), ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ বরাবর রিপোর্ট প্রেরণ করতে হবে;

(গ) কোন সিরিয়াস ADR/AEFI এর ক্ষেত্রে Investigation করতঃ প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা করতে হবে;

(ঘ) ফার্মাকোলজি বিভাগ/মেডিসিন বিভাগের প্রতিনিধিকে ফোকাল পয়েন্ট হিসেবে মনোয়ন প্রদানপূর্বক তার মোবাইল নং এবং ইমেইল এড্রেসসহ ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অবহিত করতে হবে; এবং

(গ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্তি/কো-অপ্ট করতে পারবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২২-০৭-২০২৫
মোহাম্মদ মোস্তাফিজুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪৪২ (অফিস)
E-mail: drugad1@hsd.gov.bd

অ: পৃ: দ্র:

নম্বর: ৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১ (অংশ-১).১৪০/১(১২৪০)

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩২ / ২২ জুলাই ২০২৫

**অনুলিপি** সদয় অবগতি ও প্রয়োনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩। উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
০৪। পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫। পরিচালক/তত্ত্বাবধায়ক, সরকারি ও বেসরকারি একশত বেড বা তদূর্দ্ধ বেড-এর হাসপাতাল (সকল)।
০৬। বিভাগীয় প্রধান/ প্রতিনিধি: ফার্মাকোলজি বিভাগ/ মেডিসিন বিভাগ/ চর্ম ও যৌন বিভাগ/ শিশু বিভাগ/ সার্জারী বিভাগ/ গাইনোকলজি বিভাগ এবং ফার্মাসিস্ট/ নার্সিং/ ডেপুটি নার্সিং সুপারিটেনডেন্ট/ আবাসিক মেডিকেল অফিসার/ রেজিস্ট্রার, সরকারি ও বেসরকারি একশত বেড বা তদূর্দ্ধ বেড-এর হাসপাতাল (সকল)।
০৭। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
০৮। বিশেষ সহকারীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (বিশেষ সহকারী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। জনাব ……………………………………………………………………………………………..

২২-০৭-২০২৫
মোহাম্মদ মোস্তাফিজুর রহমান
সিনিয়র সহকারী সচিব